

৫২

১১

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

সিআইবি সার্কুলার নং-০১/২০০০

তারিখ : ২০/০৭/২০০০ ইং
০৫/০৮/১৪০৭ বাং

দেশের সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বিষয় : সিআইবি রিপোর্ট প্রসঙ্গে।

আর্থিক খাতে ঋণ শৃংখলা নিশ্চিত করনের লক্ষ্যে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ থেকে সংগৃহীত ঋণতথ্যাবলীর ভিত্তিতে সিআইবি কর্তৃক প্রস্তুতকৃত রিপোর্ট ব্যবহারের আওতা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষিতে সিআইবি রিপোর্ট সংক্রান্ত জটিলতাসমূহ সহজীকরনের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :-

১। কোন ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান-কোন মাসিক/ত্রৈমাসিক কার্যকালের অন্তর্বর্তী কালীন সময়ের মধ্যে কোন ঋণের আংশিক বা সম্পূর্ণ অংশ পরিশোধ করলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের বিশেষ প্রয়োজনে ব্যাংকের শাখা ব্যবস্থাপক সংশ্লিষ্ট ঋণগ্রহীতাকে ঋণ পরিশোধ সংক্রান্ত বিষয়ের সার্টিফিকেট প্রদান করবে এবং তার কপি সিআইবি-০১ ফরমের সেগমেন্ট-৪ এর সংশোধিত বিবরণী সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের ক্রেডিট ডিপার্টমেন্ট/সিআইবি সেলে প্রেরণ করবে। প্রধান কার্যালয় বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তার কাউন্টার সাইন নিয়ে অনতিবিলম্বে ব্যুরোতে প্রেরণ করবে। সংশ্লিষ্ট ব্যাংক থেকে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো ইতিমধ্যে (পূর্ববর্তী মাসিক/ত্রৈমাসিকের ডাটা বেইজে ভিত্তিতে) প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের Foot Note এ (Report প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল সহ) ঋণ পরিশোধের বিষয়টি উল্লেখ করবে। পরবর্তীতে ঋণ প্রদানকারী ব্যাংক/প্রতিষ্ঠান উহাকে ঋণ পরিশোধ প্রত্যয়নপত্র হিসাবে বিবেচনা করবে।

২। সিআইবি ডাটা বেইজে সংরক্ষিত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের দেনাদার কোম্পানীর পরিচালকদের নামের তালিকা সংশোধনের প্রয়োজনে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এবং উহার সংশোধিত আইন ১৯৯৭ এর ধারা ২৭ 'ক' অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদন, জয়েন্ট ষ্টক কোম্পানী কর্তৃক অনুমোদিত ফরম-XII এবং সিআইবি-০১ ফরমের সেগমেন্ট-২ এর মাধ্যমে সংশোধিত নামের তালিকা সিআইবি ডাটা বেইজে সংশোধনের নিমিত্তে ব্যাংকসমূহ অবিলম্বে ব্যুরোতে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।

৩। কোন ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের ঋণের মঞ্জুর, নবায়ন, অথবা পুনঃ তফসিলীকরন সংক্রান্ত বিষয়ে আবেদন পত্র পাওয়া গেলে ঐ ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের এবং প্রতিষ্ঠানের মালিকদের সম্পর্কে সিআইবি রিপোর্ট সংগ্রহের নিমিত্তে অত্র সার্কুলারের সাথে সংযুক্ত অঙ্গীকার নামা (সংশোধনী-ক) অনুযায়ী সংশ্লিষ্ট ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের মালিকদের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের তথ্যাবলী ব্যাংকসমূহকে সংগ্রহ করতে হবে। ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান/ প্রতিষ্ঠানের মালিক অথবা পরিচালক কর্তৃক দাখিলকৃত অঙ্গীকার নামার ফটোকপি সিআইবি রিপোর্ট সংগ্রহ কালীন সময়ে ইনকোয়েরী রিকোয়েস্ট পত্রের সাথে সংযুক্ত করতে হবে। কোন ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানের মালিক অথবা পরিচালক অঙ্গীকার নামা প্রদানে অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানের মালিক অথবা পরিচালকদের সিআইবি রিপোর্ট সরবরাহে অত্র ব্যুরোর কোন প্রকার দায়-দায়িত্ব থাকবে না।

৪। নাম ও পিতার নাম এক থাকার কারণে দু'টি ভিন্ন ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের ঋণের তথ্যাবলী একীভূত করে একই ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকের ঋণের হিসাবে দেখানোর কারণে ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক আপত্তি প্রদান করা হলে ব্যাংকের শাখা ব্যবস্থাপক ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকের থেকে অঙ্গীকার নামা (সংশোধনী-খ অনুযায়ী) ও পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি (ব্যাংক কর্তৃক সত্যায়িত), নমুনা স্বাক্ষর সংগ্রহ করে সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের ক্রেডিট ডিপার্টমেন্ট/সিআইবি সেলে প্রেরণ করবে। প্রধান কার্যালয়ের ক্রেডিট ডিপার্টমেন্ট /সিআইবি সেল তাদের মন্তব্য সহকারে তা ব্যুরোতে প্রেরণের ব্যবস্থা করবে। ব্যাংকের মাধ্যমে প্রাপ্ত ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের আপত্তি পত্রের বিষয়ে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো তাদের আপত্তি জরুরী ভিত্তিতে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। ব্যাংকসমূহ কর্তৃক দাখিলকৃত ইনকোয়েরী রিকোয়েস্ট পত্র ১, ২ ও ৩ এ প্রদত্ত ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকদের নামের তালিকা, পিতার নাম, স্থায়ী এবং ব্যবসায়িক ঠিকানা ইত্যাদির সহিত সিআইবি ডাটা বেইজে রক্ষিত (ব্যাংকসমূহ কর্তৃক পূর্বে সরবরাহকৃত) তথ্যাবলীর গরমিল থাকার প্রেক্ষিতে সিআইবি এর আপত্তি পত্রের বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক নিষ্পত্তি না হওয়ায় সিআইবি ডাটাবেইজে Garbage এর পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে চলছে। সিআইবি ডাটাবেইজে Garbage এর পরিমাণ কমিয়ে আনা এবং সিআইবি কার্যক্রমকে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সিআইবি কর্তৃক প্রদত্ত আপত্তি পত্র প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে ব্যাংকসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৬। ব্যাংকসমূহের Individual borrower দের একাধিক নামের ক্ষেত্রে ঋণের তথ্যাবলী দাখিলের সময়ে গ্রুপের/দলের যে কোন একজনের তথ্যাবলী প্রচলিত নিয়মানুযায়ী সেগমেন্ট-১ এ রিপোর্ট করবে এবং বাকিদের তথ্যাবলী এতদসঙ্গে সংযুক্ত সেগমেন্ট-1A তে লিপিবদ্ধ করে মূল ফরম সেগমেন্ট-১ এর সাথে সংযুক্ত করে ব্যুরোতে প্রেরণ করবে। এরূপ দলবদ্ধ যৌথ ঋণ গ্রহীতাদের একটি মাত্র বরোয়ার কোড থাকবে এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে একক বরোয়ার হিসাবে বিবেচনা করে সেগমেন্ট-৪ এর তথ্যাবলী ব্যুরোতে প্রেরণ করবে।

৭। ক্রেডিট ইনফরমেশন ব্যুরো হতে ইতোপূর্বে জারীকৃত সার্কুলার নং-০১/৯২ তারিখ ২৯/১১/৯২, ০১/৯৮ তারিখ ১১/০৩/৯৮ এবং ০১/৯৯ তারিখ ২০/০৫/৯৯ অনুযায়ী ব্যাংকসমূহের দাখিলযোগ্য কোন বকেয়া ঋণের তথ্যাবলী যাতে বাদ না পড়ে এবং দাখিলকৃত বিবরণীতে কোন ভুল তথ্য পরিবেশিত না হয় সে বিষয়ে ব্যাংকসমূহকে সতর্ক থাকতে হবে। মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে দাখিলযোগ্য কোন বকেয়া ঋণের তথ্যাবলী বাদ দেয়া হলে অথবা ভুল তথ্য দাখিল করা হলে বাংলাদেশ ব্যাংক আদেশ ১৯৭২ এর ৪র্থ অধ্যায়ের ধারা ৪৮(১) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে।

৮। সিআইবি রিপোর্ট সরবরাহের নিমিত্তে অত্র ব্যুরোতে ব্যাংকসমূহ থেকে প্রাপ্ত ইনকোয়েরী রিকোয়েস্ট পত্র অধিকতর তথ্যবহুল এবং সময়োপযোগী করনের লক্ষ্যে বর্তমান প্রচলিত ইনকোয়েরী রিকোয়েস্ট ফরম ১, ২ ও ৩ এবং সিআইবি Response Form এতদসঙ্গে সংযুক্ত নমুনা মোতাবেক পুনঃ বিন্যাস করা হলো। ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের সিআইবি সেল/ক্রেডিট ডিপার্টমেন্ট ব্যাংক শাখা থেকে প্রাপ্ত ইনকোয়েরী রিকোয়েস্ট ঋণগ্রহীতা ভিত্তিক পৃথক পৃথকভাবে সংযুক্ত Forwarding এর মাধ্যমে ব্যুরোতে প্রেরণ করবে।

৯। সিআইবি হতে সরবরাহকৃত রিপোর্ট সংক্রান্ত বিষয়ে কোন ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের কোন প্রকার অভিযোগ/অনুযোগ থাকলে সে সকল বিষয় নিষ্পত্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব নাজমুল হক কে নিয়ে একটি আপীল কমিটি নিয়োগ করা হয়েছে। ব্যাংকসমূহ তাদের ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকদের সিআইবি রিপোর্ট সংক্রান্ত বিষয়ে যদি কোন অভিযোগ থাকে উহা নিষ্পত্তির প্রয়োজনে উক্ত আপীল কমিটির বরাবরে আবেদনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করতে পারেন।

সার্কুলারে উল্লেখিত কোন বিষয়ে জানার জন্যে তফসিলী ব্যাংকসমূহ সরাসরি সিআইবি এর সাথে যোগাযোগ করবে।

উপরোক্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করার নিমিত্তে তফসিলী ব্যাংকসমূহকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্যে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

আপনাদেরই বিশ্বস্ত

(জসীম উদ্দিন আহমেদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৫২৪৯৫

তারিখ- -ঐ-

প্রতিলিপি নং-সিআইবি-১(১৮)/২০০০-

অবগতির জন্য প্রতিলিপি পাঠানো হলো :

- ০১। গভর্নর মহোদয়ের ব্যক্তিগত সচিব, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/ সহকারী পরিচালক/ অফিসারবৃন্দ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। নির্বাহী পরিচালকবৃন্দ/ অর্থনৈতিক উপদেষ্টার শাখা সমূহ সংশ্লিষ্ট সহকারী পরিচালক/ অফিসারবৃন্দ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। নির্বাহী পরিচালক/ মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক মতিঝিল বা/এ, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ বগুড়া/ রাজশাহী/ বরিশাল/ রংপুর/ সদরঘাট, ঢাকা।
- ০৫। সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

(মোঃ বেদুল হোসেন)

উপ-পরিচালক

ফোন-৯৫৫০৭৭৭/৩২১৭